তারিখ: 19 DEC 2015
পৃষ্ঠা: কলাম: ২

দৈনিক
ইত্তেফাক

# ছাত্রী যখন পরীক্ষক!

■ চাটমোহর (পাবনা) সংবাদদাতা

উপজেলার করকোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির এক ছাত্রী পরীক্ষকের ভূমিকা পালন করছে। গত বৃহস্পতিবার স্কুলে গিয়ে দেখা যায় ৪র্থ শ্রেণির ছাত্রী করকোলা গ্রামের হাসনা খাতুন চলতি বার্ষিক পরীক্ষার খাতা দেখছেন।

হাসনা জানায়, স্কুলের পিয়ন মিলন ও স্যাররা খাতা দেখতে দিয়েছেন। প্রধান শিক্ষক আশরাফুল আলম এর কোনো সদুত্তর দিতে পারেননি। উপজেলা শিক্ষা অফিসার আবুল বাশার মোহাম্মদ শামসুজ্জামান জানান, বিষয়টি দেখে ব্যবস্থা নেবেন।